


চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন
CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION
সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আহ্লাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং ৭৮/২০২১
সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

তারিখঃ ২৮/১২/২০২১খ্রিঃ

কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা এর অফিস আদেশ নথি নং-০৫/০৭/(১৩)তদন্ত/২০২১/৪৭৩১, তারিখঃ ২১/১২/২০২১খ্রিঃ সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।


মোঃ মিজানুর রহমান
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর
আইডিইবি ভবন (১০ম তলা)
১৬০/এ, কাকরাইল ভিআইপি সড়ক, ঢাকা-১০০০

নথি নং-০৫/০৭/(১৩)তদন্ত/২০২১/৪৭৩১

তারিখঃ ২১/১২/২০২১খ্রিঃ

অফিস আদেশ

বিষয়ঃ কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর কর্তৃক লককৃত পণ্য চালানের বিপরীতে অনাপত্তিপত্র (এনওসি) প্রদান প্রসঙ্গে।

গোপন সংবাদে ভিত্তিতে কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর কর্তৃক লককৃত পণ্যচালানের কায়িক পরীক্ষা ও শুদ্ধায়ন পরবর্তীতে পণ্যচালান ছাড়করণের ক্ষেত্রে অনাপত্তিপত্র (এনওসি) প্রদানের বিষয় এ দপ্তর কর্তৃক পর্যালোচনা করা হয়েছে এবং অংশীজনদের মতামত নেয়া হয়েছে। লককৃত পণ্যচালান ছাড়করণের ক্ষেত্রে অনাপত্তিপত্র প্রদানের বিষয়ে কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর কর্তৃক নিম্নে বর্ণিত নির্দেশনাসমূহ প্রদান করা হলো:

(ক) যেসব পণ্যচালানের ক্ষেত্রে আমদানি দলিলাদি এবং বিল অব এন্ট্রির ঘোষণায় উল্লেখিত পণ্যের পরিমাণ, বিবরণ ও বর্ণনার সাথে কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর কর্তৃক কায়িক পরীক্ষণে প্রাপ্ত পণ্যের পরিমাণ, বিবরণ ও বর্ণনার সাথে সামঞ্জস্য থাকবে, সেসব পণ্যচালান ছাড়করণের ক্ষেত্রে কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর কর্তৃক অনাপত্তিপত্র প্রদানের প্রয়োজন হবে না। কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর কর্তৃক এককভাবে কায়িক পরীক্ষণের ক্ষেত্রে উক্ত পণ্য চালান কায়িক পরীক্ষা প্রতিবেদনে “ এই পণ্যচালান ছাড়করণের ক্ষেত্রে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণে কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তরের আপত্তি নেই” মর্মে লিপিবদ্ধ করতে হবে। যৌথ কায়িক পরীক্ষণের ক্ষেত্রে পরীক্ষণ প্রতিবেদনে কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তরের পরীক্ষণ কর্মকর্তা এবং সংশ্লিষ্ট কাস্টম হাউস/স্টেশনের কর্মকর্তাদের যৌথ স্বাক্ষর থাকে বিধায় যৌথ স্বাক্ষরিত পরীক্ষণ প্রতিবেদন মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর কর্তৃক অনাপত্তিপত্র প্রদানের প্রয়োজন হবে না। উভয় ক্ষেত্রে সংশ্লিষ্ট কাস্টম/স্টেশন কর্তৃক ASYCUDA World System-এ আনলক করতে হবে।

(খ) একক বা যৌথ উভয় প্রকার কায়িক পরীক্ষণের ক্ষেত্রে যেসব পণ্যচালানের কায়িক পরীক্ষায় ঘোষণাতিরিক্ত পণ্যের পরিমাণ ৫% এর কম পাওয়া যাবে, সেসব পণ্য চালান শুদ্ধায়ন এবং শুদ্ধ-করাদি পরিশোধ সম্পন্ন হওয়ার বিষয় কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর এর সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়/সার্কেল ASYCUDA World System-এর মাধ্যমে অবগত হওয়ার পর শুদ্ধায়নের ক্ষেত্রে কোন অসঙ্গতি পাওয়া না গেলে কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর কর্তৃক অনাপত্তিপত্র ইস্যু করার প্রয়োজন হবে না। যদি দেখা যায় যে, কায়িক পরীক্ষণ প্রতিবেদন অনুসারে শুদ্ধায়ন সম্পন্ন হয়নি, তাহলে কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তরের সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়/সার্কেলের কর্মকর্তা ASYCUDA World System-এ আপত্তির বিষয় লিপিবদ্ধ করবে এবং সংশ্লিষ্ট কাস্টম হাউস/স্টেশনের প্রধান এবং মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তরকে লিখিতভাবে অবহিত করবে। এক্ষেত্রে কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর কর্তৃক অনাপত্তিপত্র ইস্যু করার প্রয়োজন হবে না। উভয় ক্ষেত্রে সংশ্লিষ্ট কাস্টম হাউস/স্টেশন কর্তৃক ASYCUDA World System-এ আনলক করতে হবে।

(গ) যেসব পণ্যচালানের কায়িক পরীক্ষায় ঘোষণাতিরিক্ত পণ্য (৫% বা ততোধিক) থাকবে অথবা ঘোষণা বহির্ভূত পণ্য বা পণ্যের শ্রেণীবিন্যাস (HS Code) এর মিথ্যা ঘোষণা বা অন্য কোন মিথ্যা ঘোষণার ফলে পণ্য মূল্য (Value) বৃদ্ধির কারণে বা অন্য কোন কারণে রাজস্ব ঝুঁকি থাকবে, সেসব পণ্যচালান ছাড়করণের ক্ষেত্রে কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর এর সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়/সার্কেল শুদ্ধায়ন এবং শুদ্ধ-করাদি পরিশোধ সম্পন্ন হওয়ার বিষয় ASYCUDA World System হতে অবগত হওয়ার পর কায়িক পরীক্ষা প্রতিবেদন অনুযায়ী শুদ্ধায়ন করা হয়েছে কী-না তা পর্যালোচনা করে কোনো অসঙ্গতি পাওয়া গেলে তা উল্লেখ করে যথাসম্ভব স্বল্প সময়ের মধ্যে অনাপত্তিপত্র ইস্যু করবে। একই সাথে উক্ত অসঙ্গতির বিষয় কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর এর সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়/সার্কেল মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তরকে লিখিতভাবে অবহিত করবে। কায়িক পরীক্ষা প্রতিবেদন অনুযায়ী শুদ্ধায়নে কোন অসঙ্গতি পাওয়া না গেলেও অনাপত্তিপত্র ইস্যু করতে হবে। উভয় ক্ষেত্রে সংশ্লিষ্ট কাস্টম হাউস/স্টেশন কর্তৃক ASYCUDA World System -এ আনলক করতে হবে।

০২। The Customs Act, 1969 এর Section 219B এ আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ/-

(ড. মোঃ আব্দুর রউফ)

মহাপরিচালক

ফোনঃ ৮৮-০২-৪৮৩১৬১৪৫

ই-মেইল: dg-intelligence@customs.gov.bd

নথি নং-০৫/০৭/(১৩)তদন্ত/২০২১/৪৭৩১

তারিখঃ ২১/১২/২০২১খ্রিঃ